# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

## প্রশাসন ও অর্থ ডিভিশন

প্রশাসন ডিপার্টমেন্ট

প্রশাসন সেকশন

www.sec.gov.bd

সুত্র নংঃ বিএসইসি/প্রশাসন/৩০:১৫/খন্ড-৩য়/৯৭/২৭১ তারিখঃ ১৩/০৩/২০২৪ ইং

**অকেজো মালামাল বিক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি**

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের অকেজো বেশ কিছু ইলেক্ট্রনিক যন্ত্রপাতি বিক্রয় করা হবে। উক্ত মালামাল ক্রয় করতে আগ্রহী প্রতিষ্ঠান/ক্রেতা নিজস্ব প্যাডে (যদি থাকে) সীলমোহরকৃত খামে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে ২৪/০৩/২০২৪ ইং তারিখ বেলা ১২:০০ ঘটিকার মধ্যে কমিশন ভবনের অভ্যর্থনা কক্ষে রক্ষিত দরপত্র বাক্সে নমুনা অনুযায়ী দরপত্র দাখিলের জন্য আহ্বান করা যাচ্ছে। উল্লেখ্য যে, একই দিন বেলা ১২:৩০ ঘটিকায় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দাখিলকৃত দরপত্র উন্মুক্ত করা হবে। বিক্রয়যোগ্য মালামাল অফিসের ৯ম তলায় স্টোরে জমা রয়েছে যা এ বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ থেকে দরপত্র উন্মুক্তকরণের পুর্বদিন পর্যন্ত অফিস চলাকালীন সকাল ৯:৩০ থেকে বিকাল ৩:০০ পর্যন্ত কমিশনের প্রশাসন বিভাগের সাথে যোগাযোগ করে সরেজমিনে দেখা যাবে এবং প্রয়োজনে মালামালের স্পেসিফিকেশন সংগ্রহ করা যাবে।

বিক্রয়যোগ্য মালামালের তালিকা ও নমুনা নিম্নরূপঃ

| ক্রমিক নং | মালামালের তালিকা | সংখ্যা | প্রদত্ত দর | |
|---|---|---|---|---|
| ০১ | সিপিইউ | ৪৬ টি | একক দর | মোট টাকা |
| ০২ | মনিটর | ৪৪ টি | | |
| ০৩ | ল্যাপটপ | ০৯ টি | | |
| ০৪ | ফোন ফ্যাক্স | ০১ টি | | |
| ০৫ | ইউপিএস | ১৩ টি | | |
| ০৬ | স্ক্যানার | ০১ টি | | |
| ০৭ | প্রিন্টার | ০২ টি | | |
| | **মোট টাকাঃ** | | | |
| | **কথায়ঃ** | | | |

**শর্তাবলীঃ**

০১। দর দাখিলের সময় আইটেমভিত্তিক প্রত্যেকটির আলাদা আলাদা দর দাখিল করতে হবে এবং সর্বমোট মূল্য উল্লেখ করতে হবে। সর্বোচ্চ দরদাতার নিকট মালামাল বিক্রয় করা হবে।

০২। দরদাতাগণ মালামালসমুহ সরেজমিনে পরিদর্শন করে দর দাখিল করবেন। পরবর্তীতে মালামালের সংখ্যা বা মান নিয়ে আপত্তি গ্রহনযোগ্য হবে না। মালামালের সংখ্যা কম বেশি হতে পারে। সেক্ষেত্রে একক মূল্য অনুযায়ী মূল্য নির্ধারিত হবে।

০৩। দাখিলকৃত দরদাতাকে দরপত্রের সাথে উদ্ধৃত দরের ১০% জামানত হিসেবে পে-অর্ডারের মাধ্যমে (ফেরতযোগ্য) **বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন** বরাবর জমা দিতে হবে।

০৪। নির্বাচিত ১ম সর্বোচ্চ দরদাতাকে অফিস আদেশ দেওয়ার পরবর্তী ০৩ (তিন) দিনের মধ্যে দরপত্রে উল্লিখিত মোট মূল্যের উপর সরকার নির্ধারিত আয়কর ১০% এবং ভ্যাট ৭.৫% সোনালী ব্যাংক এ জমা প্রদান করে চালানের মুল কপি প্রশাসন বিভাগে জমা দিতে হবে এবং দরপত্রে উদ্ধৃত সমুদয় মূল্য পে-অর্ডারের মাধ্যমে **বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন** বরাবর জমা দিতে হবে। পে-অর্ডার প্রদানের পরবর্তী ০৩ (তিন) দিনের মধ্যে নিজ দায়িত্বে মালামাল সংগ্রহ করতে হবে অন্যথায় জমাকৃত জামানত বাজেয়াপ্ত করা হবে। একই সাথে ২য় সর্বোচ্চ দরদাতা বরাবর বিক্রয়ের অফিস আদেশ প্রদান করা হবে।

০৫। কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে কমিশন যেকোন দরপত্র গ্রহণ বা বাতিল বা সকল দরপত্র বাতিল করা ছাড়াও প্রত্যাশা অনুযায়ী দর পাওয়া না গেলে তা বাতিল করতঃ পরবর্তী ব্যবস্থা গ্রহণের অধিকার সংরক্ষণ করে।

০৪। বিজ্ঞপ্তিটি অত্র দপ্তরের ওয়েবসাইট https://sec.gov.bd/ এ পাওয়া যাবে।

১৩/০৩/২৪

দিপংকর মন্ডল
সহকারী পরিচালক (প্রশাসন)
Email: dip@sec.gov.bd

**বিতরণঃ**

০১। কমিশনের নোটিশ বোর্ড;
০২। বিডা, পাসপোর্ট, বিটিআরসি, ও এলজিইডি অফিসের নোটিশ বোর্ড;
০৩। নির্বাহী পরিচালক, আইসিটি ডিভিশন, বিএসইসি (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
০৪। ...............................

**সদয় অবগতির জন্যঃ**

০১। চেয়ারম্যান মহোদয়, বিএসইসি;
০২। সকল কমিশনারগণের দপ্তর, বিএসইসি;
০৩। নির্বাহী পরিচালক (প্রশাসন ও অর্থ), বিএসইসি;